

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৫৬৭

আগরতলা, ২২ অক্টোবর, ২০২৪

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ২১ অক্টোবর, ২০২৪ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ‘ডিগ্রি কলেজে শিক্ষক সংকট ৭ বছরে নিয়োগ মাত্র ৯১!’ শিরোনামে প্রকাশিত সংবাদটি উচ্চশিক্ষা দপ্তরের নজরে এসেছে। প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে উচ্চশিক্ষা দপ্তর থেকে জানানো হয়েছে, সরকারি সাধারণ ডিগ্রি কলেজগুলিতে পঠন পাঠন স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় উদ্যোগ জারি রয়েছে। সাধারণ ডিগ্রি কলেজগুলিতে ৪৭৩টি পদে শিক্ষক নিযুক্ত রয়েছে।

উচ্চশিক্ষা দপ্তর থেকে আরও জানানো হয়েছে, রাজ্য সরকার সাধারণ ডিগ্রি কলেজগুলিতে সহকারি অধ্যাপকের ৭৫টি পদে নিয়োগের অনুমোদন দিয়েছে। এই পরিপ্রেক্ষিতে ত্রিপুরা পাবলিক সার্ভিস কমিশনের কাছে একটি প্রস্তাব পাঠানো হয়েছে। নিয়োগ প্রক্রিয়া পর্যালোচনার জন্য ত্রিপুরা পাবলিক সার্ভিস কমিশন একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করেছে। উচ্চশিক্ষা দপ্তর থেকে আরও জানানো হয়েছে, সহকারি অধ্যাপকের ১২৬টি পদের নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে, যা শীঘ্রই ত্রিপুরা পাবলিক সার্ভিস কমিশনে পাঠানো হবে।

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে উচ্চশিক্ষা দপ্তর থেকে জানানো হয়েছে, বর্তমানে ২০৬ জন স্নাতকোত্তর শিক্ষক (PGT), সরকারি সাধারণ ডিগ্রি কলেজগুলিতে পাঠদানের জন্য নিয়মিত কলেজ শিক্ষকদের সহায়তা করছেন। শুধু তাই নয়, কলেজগুলির নিয়মিত ক্লাসগুলি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য স্টপ গ্যাপ ব্যবস্থা হিসেবে ৬৫৭ জন গেস্ট লেকচারার বিভিন্ন সাধারণ ডিগ্রি কলেজে এবং ১২ জন সহকারি অধ্যাপক (চুক্তি ভিত্তিক) স্নাতকোত্তর কোর্সের জন্য নিযুক্ত রয়েছেন। কোর্সের ভিত্তিতে সাধারণ ডিগ্রি কলেজগুলির প্রয়োজনীয়তা অনুসারে পাঠদান প্রক্রিয়া চালিয়ে যাওয়ার জন্য অতিরিক্ত গেস্ট লেকচারারও প্রদান করা হচ্ছে। উচ্চশিক্ষা দপ্তর রাজ্যের সাধারণ ডিগ্রি কলেজগুলিতে উচ্চমানের শিক্ষা সুনিশ্চিত করার জন্য আন্তরিকভাবে কাজ করছে।

\*\*\*\*\*